
দৈনিক সংবাদ

২/১১/২০০৫

তারিখ ………
পৃষ্ঠা ৩.৭ কলাম ১৫




*পলাশীর মোড়ে নিহত ছাত্রী চম্পার স্মরণে বুয়েটের ছাত্রছাত্রীরা গতকাল বুধবার মৌন মিছিল বের করে*
*— সংবাদ*

## গাড়ি চাপা পড়ে ছাত্রীর মৃত্যুর ঘটনা

# ঢা.বি ও বুয়েট ছাত্রছাত্রীদের মৌন মিছিল বিক্ষোভ

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :** গাড়ি চাপা পড়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্রী চম্পার মৃত্যুতে গতকাল বুধবারও বুয়েট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আলাদাভাবে অবস্থান ধর্মঘট, মৌন মিছিল ও বিক্ষোভ প্রদর্শন করেছে। এ সময় বিক্ষুব্ধ ছাত্ররা ৬/৭টি গাড়ি ভাঙচুর করে। প্রশাসন সারাদিন বিশ্ববিদ্যালয় এলাকায় সকল ভারি যানবাহন চলাচল বন্ধ করে দেয়। এদিকে পুলিশ ঘাতক বাসটিকে আটক করলেও ড্রাইভার ও মালিকের নাম-ঠিকানা এখন পর্যন্ত সংগ্রহ করতে পারেনি।

বুয়েটের ছাত্রছাত্রীরা চম্পা হত্যার সুষ্ঠু তদন্ত ও বিচারসহ ৪ দফা দাবিতে সকাল ১০টায় বুয়েট ক্যাম্পাস থেকে একটি মৌন মিছিল বের করে নগরীর বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে জাতীয় প্রেসক্লাবের সামনে এসে আধাঘণ্টার মতো অবস্থান ধর্মঘট পালন করে। এ সময় বুয়েটের কয়েকজন শিক্ষকও ছাত্রছাত্রীদের সাথে সংহতি প্রকাশ করেন। ৪ দফার মধ্যে আরও রয়েছে বুয়েট ক্যাম্পাসে ভারি যানবাহন চলাচল নিষিদ্ধ, চম্পার মৃত্যুতে বিক্ষোভকালে পুলিশের লাঠিচার্জে আহতদের চিকিৎসা ও অ্যাকাডেমিক সুযোগ-সুবিধা এবং ঘাতক গাড়ির ড্রাইভার ও কর্তব্যরত সার্জনের বিচার।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও গতকাল একই ঘটনার প্রতিবাদে পলাশির মোড়সহ আশপাশের এলাকায় বিক্ষোভ করে। এ সময় তারা বেশ কয়েকটি গাড়ি ভাঙচুর করে। মঙ্গলবার রাতেও বকশি বাজার, টিএসসি, পলাশির মোড় এলাকায় বেশ কয়েকটি গাড়ি ভাঙচুর করেছে বিক্ষুব্ধ ছাত্ররা।

ক্যাম্পাসে গতকাল কোন ভারি যানবাহন চলাচল করেনি। পুরো ক্যাম্পাস ছিল ফাঁকা। ছাত্রছাত্রীদের মধ্যে শোকের ছায়া নেমে আসে। আগামী ৩রা নভেম্বর চম্পার পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল; কিন্তু ঘাতক বাস তা হতে দিল না।

এদিকে রমনা থানা পুলিশ গত মঙ্গলবার রাতে ঘাতক বাসটিকে (ঢাকা-মেট্রো-জ-৫৩৩২) মিরপুর রোড থেকে আটক করলেও এখন পর্যন্ত তারা ড্রাইভার ও মালিকের নাম ঠিকানা সংগ্রহ করেনি। এ ব্যাপারে রমনা থানার এসআই আমিরুল ইসলাম বলেন, আজকের (বৃহস্পতিবার) মধ্যে সব ঠিকানা সংগ্রহ করব।

চম্পার মৃত্যুতে বুয়েট শিক্ষক সভাপতি ড. মু. রিজওয়ান খান ও সাধারণ সম্পাদক ড. মো. রিয়াজ হাসান খন্দকার এক বিবৃতিতে গভীর শোক প্রকাশ করেছেন।

গত মঙ্গলবার দুপুরে চমন আরা পারভীন চম্পা তার বন্ধু মাসুদ আহমেদ রানাকে সাথে নিয়ে পলাশি বাজারে যেতে রাস্তা পার হওয়ার সময় একটি বাসের নিচে চাপা পড়ে ঘটনাস্থলেই নিহত হয়। সে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের পুরাতন ২য় বর্ষের ছাত্রী ছিল।